সমকাল

তারিখ 07 NOV 2017 ... পৃষ্ঠা ... কলাম ... ৬ ...

# এসএসসি ফরম পূরণে অতিরিক্ত টাকা আদায়ের অভিযোগ

■ ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ) প্রতিনিধি

ফারজানা আক্তার ও তামান্না আক্তার দুই বোনই আসন্ন এসএসসি পরীক্ষায় অংশ নেবে। বিজ্ঞান বিভাগ থেকে নির্বাচনী পরীক্ষাতেও কৃতকার্য হয়েছে তারা। তাদের ফরম পূরণের জন্য প্রত্যেকের তিন হাজার ১০০ টাকা করে নির্ধারণ করেছে কর্তৃপক্ষ। দুই শিক্ষার্থীর বাবা বদরুজ্জামান নির্ধারিত টাকা জমা দিলেও তাকে কোনো রসিদ দেওয়া হয়নি। পরে অবশ্য সংবাদকর্মীদের উপস্থিতিতে আদায় করা অতিরিক্ত টাকা ফেরত দিয়ে রসিদ দেয় কর্তৃপক্ষ। এমন ঘটনা ময়মনসিংহের ঈশ্বরগঞ্জের মরিচারচর উচ্চ বিদ্যালয়ের।

উপজেলার উচাখিলা ইউনিয়নের মরিচারচর উচ্চ বিদ্যালয় থেকে এ বছর ১২৫ শিক্ষার্থীর এসএসসি পরীক্ষায় অংশ নেওয়ার কথা রয়েছে। নির্বাচনী পরীক্ষার ফল শেষে ২৮ অক্টোবর বিদ্যালয়ের প্রধান শিক্ষক সরাফ উদ্দিন নোটিশ জারি করে ১ থেকে ৬ নভেম্বরের মধ্যে ফরম পূরণ করার নির্দেশ দেন। নোটিশটিতে ফরম পূরণের টাকার অঙ্ক উল্লেখ না থাকলেও বিজ্ঞান বিভাগের জন্য তিন হাজার ১০০, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের জন্য তিন হাজার টাকা করে নির্ধারণ করা হয় বলে জানিয়েছে শিক্ষার্থীরা। চলতি মৌসুমে ব্রহ্মপুত্র নদঘেঁষা মরিচারচর গ্রামের মানুষের অপূরণীয় ক্ষতির মধ্যে অভিভাবকরা তাদের সন্তানদের তিন হাজার টাকায় ফরম পূরণ করাতে গিয়ে বিপাকে পড়েছেন।

এসএসসি পরীক্ষার ফরম পূরণের জন্য সরকার নির্ধারিত ফি বিজ্ঞান শাখার জন্য এক হাজার ৫৮৫ ও অন্যান্য শাখার জন্য এক হাজার ৪৮৫ টাকা। এ ফির সঙ্গে কেন্দ্র ফি বাবদ ৩০০ টাকা ও অনলাইন চার্জ বাবদ ২০০ টাকা যুক্ত করা হবে। এর বাইরে কোনো অজুহাতে অতিরিক্ত টাকা নেওয়ার কোনো সুযোগ নেই।

বিদ্যালয়টির প্রধান শিক্ষক মো. সরাফ উদ্দিন বলেন, ফরম পূরণের জন্য এক হাজার ৮০০ ও এক হাজার ৯০০ টাকা নেওয়া হচ্ছে। অতিরিক্ত টাকা নেওয়ার বিষয়টি তিনি জানতেন না। তিনি বলেন, অনেক শিক্ষার্থীর কাছে তাদের প্রতিষ্ঠানের পাওনা টাকা রয়েছে।

ঈশ্বরগঞ্জ

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. ছফিউল্লা সরকার বলেন, কোনো অবস্থাতেই অতিরিক্ত টাকা আদায় করার সুযোগ নেই। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।